# চূড়ান্ত প্রতিবেদন নির্বাহী সারাংশ

## জুলাই 2024

21 মে, 2024 তারিখে, মেয়র Eric Adams 2024 চার্টার রিভিশন কমিশন ঘোষণা করেন এবং Carlo Scissura-কে চেয়ারম্যান করে সাথে আরো 12 জন কমিউনিটি নেতাকে কমিশনের দায়িত্ব পালনের জন্য নিযুক্ত করেন। মেয়র কমিশনের উপর পুরো চার্টার পর্যালোচনার দায়িত্ব অর্পন করেন যাতে এর কার্যকর কর্মকাণ্ড নিশ্চিত হয় এবং সকল নিউ ইয়র্কবাসীর প্রয়োজনে সহায়তা প্রদান করে। মেয়র কমিশনকে আরো কিছু যাচাই-বাছাই করার জন্যও বলেছেন, বিশেষ করে, জননিরাপত্তা ও আর্থিক দায়িত্বশীলতা উন্নত করার জন্য চার্টার সংশোধন করার প্রয়োজনীয়তার বিষয়টি।

সমগ্র নিউ ইয়র্ক সিটি চার্টার পর্যালোচনা, জন প্রতিক্রিয়া, বিশেষজ্ঞ মতামত, গবেষণা ও অনুসন্ধানের প্রেক্ষিতে, কমিশন 5 নভেম্বর, 2024 তারিখের সাধারণ নির্বাচনে নিউ ইয়র্ক সিটির ভোটারদের জন্য নিম্নলিখিত প্রস্তাবিত সংশোধনীগুলো উপস্থাপন করার সিদ্ধান্ত নিয়েছেন:

## পরিচ্ছন্ন রাস্তা

প্রথম নির্বাচনী প্রশ্নে, সিটিকে পরিচ্ছন্ন রাখার জন্য কমিশন ডিপার্টমেন্ট অভ স্যানিটেশনের (DSNY) কর্তৃত্বের সম্প্রসারণ ও স্পষ্টীকরণের জন্য একটি সংশোধনী প্রস্তাব করেছেন।

বর্তমানে, চার্টারে DSNY-কে সিটির কিছু স্থান পরিষ্কার করার ক্ষমতা প্রদান করা হয়েছে, তবে সকল স্থান নয়। এই অসম্পূর্ণ এখতিয়ারের ফলে সেন্টার মিডিয়ানের মতো সিটির নির্দিষ্ট কিছু স্থান পরিষ্কার করার জন্য সিটির প্রচেষ্টায় জটিলতা সৃষ্টি হয়। এই সংশোধনীর ফলে DSNY মেয়রের নির্দেশনা অনুসারে সিটির মালিকানাধীন যেকোনো স্থান পরিষ্কার করতে সক্ষম হবে।

একইভাবে, আবর্জনার কন্টেইনারাইজেশন এবং এর ফলস্বরূপ পরিচ্ছন্নতা ও জনস্বাস্থ্যের জন্য উপকারগুলো প্রচার করার প্রয়াস হিসাবে DSNY বেশ কিছু নিয়ম জারি করেছে যাতে সিটির রাস্তায় কন্টেইনারবিহীন আবর্জনা বেশি সময় উন্মুক্ত অবস্থায় না থাকে। তবে, চার্টারে DSNY-কে কন্টেইনারাইজেশনের প্রচারের জন্য কোনো স্পষ্ট দায়িত্ব অর্পন করা হয়নি। সংশোধনীর মাধ্যমে এটি স্পষ্ট হবে যে DSNY-এর কাছে বর্জ্য সংগ্রহের জন্য কন্টেইনার ব্যবহারের প্রয়োজনীয়তা সহ নির্ধারিত উপায় নিয়ন্ত্রণ করার ক্ষমতা আছে।

পরিশেষে, অফিস অভ স্ট্রীট ভেন্ডর এনফোর্সমেন্ট DSNY-এর মধ্যে বিদ্যমান হওয়া সত্ত্বেও, রাস্তা ও ফুটপাথ ব্যতীত পার্কের মতো সিটির অন্যান্য স্থানে হওয়া ক্রয়-বিক্রয়ের উপর DSNY এর ক্ষমতা প্রয়োগের কর্তৃত্বকে চার্টারে স্পষ্টভাবে অনুমোদন দেওয়া হয় না। সংশোধনীর মাধ্যমে স্ট্রিট ভেন্ডরের উপরে

DSNY এর ক্ষমতা প্রয়োগের কর্তৃত্ব শুধুমাত্র রাস্তা ও সাইডওয়াক নয়, সিটির অন্যান্য স্থানেও সম্প্রসারিত হবে।

## আর্থিক দায়দায়িত্ব

দ্বিতীয় নির্বাচনী প্রশ্নে, কমিশন প্রস্তাবিত স্থানীয় আইনের আর্থিক প্রভাব মূল্যায়নে সিটির পদ্ধতি উন্নত করা এবং নির্দিষ্ট কিছু পুরনো ও অদক্ষ বাজেট সময়সীমা সমাধানের ব্যাপারে সংশোধনী প্রস্তাব করেন।

প্রথমত, প্রস্তাবিত আইনের ব্যয় বিবেচনা বৃদ্ধির জন্য, কমিশন চার্টারের যে অংশে ফিসক্যাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট (আর্থিক প্রভাব বিষয়ক বিবৃতি) প্রয়োজন, সেই অংশে পরিবর্তনের প্রস্তাব করছেন। বর্তমানে, সিটি কাউন্সিল সাধারণভাবে কেবল প্রস্তাবিত আইন গৃহীত হওয়ার প্রাক্কালে ফিসক্যাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট প্রকাশ করে। ফলে, আইন প্রণয়ন বিষয়ক অনেক উন্মুক্ত সাধারণ আলোচনা–এবং বিল তৈরির জন্য আইন প্রণয়ন বিষয়ক অনেক কাজ–ফিসক্যাল ইমপ্যাক্ট স্টেটমেন্টের উপকার ও খরচের অনুমান ছাড়াই হয়। কোনো প্রস্তাবিত স্থানীয় আইনের উপর গনশুনানির আগে আইন প্রণয়নের প্রথমদিকে একটি ফিসক্যাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট চাওয়ার মাধ্যমে, এই সংশোধনী প্রস্তাবিত আইনগুলোর আর্থিক প্রভাবসমূহের অধিকতর বিবেচনাকে উৎসাহিত করবে৷ কোনো প্রস্তাবিত আইন পূর্ণ কাউন্সিলের ভোটের জন্য যাওয়ার আগে, আইন প্রণয়নকারী ও জনসাধারণকে প্রস্তাবিত আইনের আর্থিক প্রভাবের চূড়ান্ত মূল্যায়ন সম্পর্কে ধারণা দেওয়ার জন্যেও একটি হালনাগাদ

ফিসক্যাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট প্রয়োজন হবে। প্রস্তাবিত সংশোধনীতে প্রস্তাবিত স্থানীয় আইনগুলোর জন্য ফিসক্যাল ইমপ্যাক্ট স্টেটমেন্টের দুটি হিসাব চাওয়া হবে - একটি কাউন্সিল এর এবং অপরটি অফিস অভ ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেট এর, যাতে আর্থিক প্রভাবসমূহের একটি আরো বিস্তারিত ও অর্থবহ যাচাই-বাছাই করা যায়। এই প্রস্তাবটিতে ফিসক্যাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট প্রক্রিয়ায় পরিবর্তন আহ্বানকারী উল্লেখযোগ্য পরিমাণ বিশেষজ্ঞ এবং উল্লেখযোগ্য সরকারি গ্রুপগুলোর মতামত রয়েছে।

এই সংশোধনীর ফলে চার্টারের একাধিক বাজেট-সম্পর্কিত সময়সীমাও হালনাগাদ হবে। নতুন মেয়র প্রশাসন যেন প্রাথমিক বাজেট তৈরি করার জন্য পর্যাপ্ত সময় পায় তা নিশ্চিত করার জন্য এই সংশোধনীর মাধ্যমে প্রাথমিক বাজেট তৈরির সময়সীমা মেয়র নির্বাচনের পরের বছরগুলোর 16 জানুয়ারি থেকে 1 ফেব্রুয়ারি পর্যন্ত বৃদ্ধি করা হবে। প্রস্তাবিত সংশোধনীটি ঐ একই বছরে 1 ফেব্রুয়ারির প্রাথমিক বাজেটের সাথে সামঞ্জস্য করার জন্য সংশ্লিষ্ট অন্যান্য সময়সীমাও পরিবর্তন করবে। পরিশেষে, এই সংশোধনীটি পরবর্তী অর্থবছরের নির্বাহী বাজেট জমা দেওয়ার সময়সীমা 26 এপ্রিল থেকে 1 মে পর্যন্ত বৃদ্ধি করবে যাতে নির্বাহী বাজেটে 15 এপ্রিলের ট্যাক্স প্রদানের সময়সীমার মধ্যে ট্যাক্স সংগ্রহ ও প্রাপ্ত রাজস্ব সম্পর্কে মূল্যবান তথ্যের প্রতিফলন থাকে।

## জন নিরাপত্তা

তৃতীয় নির্বাচনী প্রশ্নে, কমিশন জননিরাপত্তা বিষয়ক স্থানীয় আইনের বিবেচনায় জনসাধারণের মতামত (অবদান ও অংশগ্রহণ) ও আলোচনা বৃদ্ধি করার জন্য একটি সংশোধনী প্রস্তাব করেছেন।

বর্তমানে, জননিরাপত্তা সংক্রান্ত আইন পাসের প্রয়োজনীয়তা এবং অন্যান্য বিষয়ে আইন পাসের প্রয়োজনীয়তার মধ্যে পার্থক্য নেই। কমিশন জনগণ ও স্টেকহোল্ডারদের উল্লেখযোগ্য মতামত শুনেছেন যেখানে উদ্বেগ প্রকাশ পেয়েছে যে জননিরাপত্তা ব্যবস্থা বিবেচনার বর্তমান প্রক্রিয়াটিতে মতামত ও পর্যালোচনার জন্য যথেষ্ট সুযোগ নেই। জননিরাপত্তা আইনের বিষয়ে কাউন্সিলের বিবেচনায় জনগণের মতামতের জন্য বাড়তি সুযোগ রাখার উদ্দেশ্য হলো আরো সতর্ক আলোচনার সুযোগ রাখা এবং নিশ্চিত করা যে আইনটি এই গুরুত্বপূর্ণ ক্ষেত্রে স্পর্শ করলে যেন সিটি জুড়ে আক্রান্ত কমিউনিটিগুলোর বক্তব্য শোনা হয়।

বিশেষ করে, এই সংশোধনী তিনটি সিটি এজেন্সির জননিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম বিষয়ক প্রস্তাবিত স্থানীয় আইনের ব্যাপারে কাউন্সিলের বিবেচনার জন্য বাড়তি পদ্ধতিগত শর্ত প্রতিষ্ঠা করবে: পুলিস ডিপার্টমেন্ট, ডিপার্টমেন্ট অভ কারেকশন এবং ফায়ার ডিপার্টমেন্ট। সম্প্রসারিত জননিরাপত্তা বিষয়ক প্রস্তাবের উপরে পূর্ণ কাউন্সিলের ভোটের আগে, কাউন্সিলকে ভোটের কমপক্ষে 30 দিন আগে জনসাধারণ, মেয়র ও প্রতিটি আক্রান্ত এজেন্সির কমিশনারকে একটি অতিরিক্ত নোটিশ দিতে হবে। নোটিশ প্রদান ও চূড়ান্ত ভোটের মধ্যবর্তী সময়ের ভেতরে মেয়র এবং আক্রান্ত এজেন্সিগুলোকে প্রস্তাবের বিষয়ে জনগণের কাছ থেকে বাড়তি মতামত চাওয়ার জন্য এক বা একাধিক অতিরিক্ত গণশুনানি

করার অনুমতি দেওয়া হবে। এই শুনানিগুলোর মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে বাইরের বোরোগুলোর গণশুনানি অন্তর্ভুক্ত হতে পারে যাতে আক্রান্ত কমিউনিটিগুলোর কাছ থেকে মতামত পাওয়া সহজ হয়।

## ক্যাপিটাল প্ল্যানিং

চতুর্থ নির্বাচনী প্রশ্নে, কমিশন স্বচ্ছতা বৃদ্ধি ও সিটির গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহের কাজকে নিশ্চিত করার মাধ্যমে সিটির ক্যাপিটাল প্ল্যানিং প্রক্রিয়া উন্নত করার জন্য সংশোধনীর প্রস্তাব করেন।

অবকাঠামোগত বিনিয়োগের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার জন্য সিটি নিয়মিত ক্যাপিটাল প্ল্যানিং করে। Comptroller Brad Lander এর পরামর্শের ভিত্তিতে করা এই প্রস্তাবটি বিভিন্ন ফ্যাসিলিটির মেরামতের অবস্থা সম্পর্কে সিটির আরো তথ্য প্রকাশের বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে স্বচ্ছতা বৃদ্ধি করবে। এটি আরো নিশ্চিত করবে যে ডিপার্টমেন্ট অভ সিটি প্ল্যানিং এবং অফিস অভ ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেট টেন-ইয়ার ক্যাপিটাল স্ট্র্যাটেজি প্রস্তুত করার সময় যেন ভৌগলিক বন্টন, স্থিতিস্থাপকতার উপর প্রভাব এবং কোনো এজেন্সির কার্যক্রম বা মিশনের জন্য কোনো সম্পদের গুরুত্বের মতো অন্যান্য বিষয়ের পাশাপাশি সিটি ফ্যাসিলিটির অবস্থা এবং রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয়তাগুলোও বিবেচনা করে।

## MWBE ও আধুনিকীকরণ

পঞ্চম ও চূড়ান্ত নির্বাচনী প্রশ্নে, সিটির সরকারি কার্যক্রম উন্নত করার লক্ষ্যে কমিশন চার্টারের একাধিক বিধান হালনাগাদ করার প্রস্তাব করেছেন।

সংখ্যালঘু ও নারী-মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোগকে (MWBEs) সহায়তা করার জন্য এই সংশোধনীটি, যা চার্টারে চিফ বিজনেস ডাইভারসিটি অফিসার (CBDO) প্রতিষ্ঠা করবে এবং নিশ্চিত করবে CBDO যেন MWBE-এর যোগাযোগের কেন্দ্র হিসাবে কাজ করে, ক্রয় সংক্রান্ত বৈষম্য দূর করতে সিটির নীতির কার্যকারিতা মূল্যায়ন করবে ও সিটির নীতিতে প্রয়োজনীয় পরিবর্তনের প্রস্তাব রাখবে।

এরপরে, সংশোধনীটিতে ফিল্ম পারমিটের প্রক্রিয়াকারী অফিস– মেয়র'জ অফিস অভ মিডিয়া অ্যান্ড এন্টারটেইনমেন্ট (MOME)—কে ঐ পারমিটগুলো দেওয়ার ক্ষমতা প্রদানের জন্য মেয়রকে ক্ষমতা প্রদান করা হবে।

পরিশেষে, সংশোধনীতে চার্টারের তৈরি দুটি বোর্ডকে একত্রিত করা হবে যাদের মিশন অভিন্ন: মিউনিসিপ্যাল আর্কাইভের কার্যকর কর্মকাণ্ড নিশ্চিত করা।